দৈনিক সংবাদ

JUN. 17 2002

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৩

# যুক্তরাষ্ট্রের অনেক স্কুলে যোগ্য শিক্ষক নেই

নিউইয়র্ক থেকে এনা : আগামী সেপ্টেম্বরে শুরু নতুন শিক্ষাবর্ষেও যুক্তরাষ্ট্রের অনেক স্কুলেই ভাল শিক্ষকের ঘাটতি থেকে যাবে। যুক্তরাষ্ট্র কংগ্রেসের উপস্থাপিত জাতীয়ভিত্তিক রিপোর্টে উদ্বেগজনক এ তথ্যটি উল্লেখ করা হয়েছে। শুধু তাই নয়, ওই রিপোর্টে আরও বলা হয়েছে— অনেক বিদ্যালয়ই তাদের শিক্ষকের অযোগ্যতার বিষয়কে গোপন রেখেছে স্কুলের বদনাম ধামাচাপা দেয়ার অভিপ্রায়ে। অথচ, ১৯৯৮ সালে কংগ্রেসে প্রণীত আইন অনুসারে যেসব বিদ্যালয়ের রেজাল্ট ভাল নয় সেসব বিদ্যালয়ে আগামী সেপ্টেম্বর থেকে অধিকতর যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগের কথা বলা হয়েছিল।

আইনে আরও বলা হয়েছে— নিম্নমানের অন্যান্য বিদ্যালয়েও ২০০৫ সালের মধ্যে যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ করতে হবে; কিন্তু তা ২৯টি স্টেটেই বাস্তবায়িত হয়নি বলে শিক্ষামন্ত্রী রোড পেইজ উপস্থাপিত ওই রিপোর্টে মন্তব্য করা হয়েছে। ৬৬ পৃষ্ঠার ওই রিপোর্টে বিভিন্ন স্টেটের শিক্ষা বিভাগের উদ্ধৃতি দিয়ে বলা হয়েছে— নিউইয়র্ক, টেক্সাস এবং নর্থ ক্যারলিনা অধিকতর যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়াগের জন্য যাবতীয় পদক্ষেপ গ্রহণ করেছে। অন্যদিকে, ক্যালিফোর্নিয়া স্টেটের রিপোর্টে বলা হয়েছে— তারা উন্নতমানের শিক্ষক নিয়োগ করেছে ইন্টারভিউয়ের মাধ্যমে। বেশ ক'টি স্টেট তাদের রিপোর্টে উল্লেখ করেছে— তারা ইন্টারভিউয়ের সময় রিডিং, রাইটিং এবং অংকের ব্যাপারে গুরুত্ব দিয়েছে। ২৯টি স্টেট নতুন শিক্ষক নিয়োগ অথবা পুরনোদের ব্যাপারে পরীক্ষার সময় প্র্যাক্সিস প্রি-প্রফেশনাল স্কীলস টেস্ট করেছে। শুধুমাত্র ভার্জিনিয়া স্টেটে গৃহীত পদক্ষেপকে শিক্ষামন্ত্রী জাতীয়ভিত্তিক স্ট্যান্ডার্ডের কাছাকাছি বলে মন্তব্য করেছেন।